

তিনজন ব্যক্তিকে আল্লাহ তা'য়লা বলবেন, তোমরা  
সুন্‌ামের জন্য শহীদ, আলেম এবং দানশীল  
হয়েছিলে। সুতরাং তাদেরকে জাহান্নামে নিক্ষেপ  
করা হবে।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ  
বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে: **তিনজন ব্যক্তিকে আল্লাহ  
তা'য়লা বলবেন, তোমরা সুন্‌ামের জন্য শহীদ, আলেম এবং  
দানশীল হয়েছিলে। সুতরাং তাদেরকে জাহান্নামে নিক্ষেপ করা  
হবে।**

### একজন শহীদের পরিণতি

আল্লাহর রাসুল(সাঃ) বলেছেন, লোকদের মধ্যে একজন লোক  
যার হিসাব বিচারের দিন প্রথম নেয়া হবে, যে শহীদ হিসাবে  
ইন্তেকাল করেছিল। তাকে বিচারের কাঠগড়ায় নিয়ে আসা হবে।

আল্লাহ তা'য়লা তাকে যে নেয়ামত দেয়া হয়েছিল তাকে তা বর্ণনা  
করতে বলবেন। তাকে দেয়া সমস্ত নিয়ামত সে ভোগ করেছে  
বলবে। তারপর আল্লাহ তা'য়লা জিজ্ঞাসা করবেন, তুমি এ সমস্ত  
নেয়ামতের ব্যবহার কিভাবে করেছিলে? সে বলবে আমি  
আপনার জন্য যুদ্ধ করেছি, শেষ পর্যন্ত শহীদ হয়েছি। আল্লাহ  
তা'য়লা বলবেন, তুমি মিথ্যা বলেছো। তুমি যুদ্ধ করেছিল, যাতে  
লোকেরা তোমাকে "সাহসী যোদ্ধা" বলে। এবং লোকেরা

তোমাকে বলেছে। তার ব্যাপারে ফায়সালা জানিয়ে দেয়া হবে।  
এবং তাকে মাথা নীচে ও পা উপর করে টেনে হিঁচড়ে  
জাহান্নামে নিক্ষেপ করা হবে।

### একজন আলেম ও ফারীর পরিণতি:

তারপর অপর এক ব্যক্তিকে বিচারের জন্য কাঠগড়ায় আনয়ন করা হবে, যে দ্বীনের জ্ঞান অর্জন করে 'আলেম' হয়েছিল এবং কোরআন তেলাওয়াত করত। আল্লাহ তা'য়লা তাকে যে নেয়ামত দান করেছিলেন তা তাকে বর্ণনা করতে বলবেন। সে বলবে আল্লাহর দেয়া সমস্ত নেয়ামত সে ভোগ করেছিল। তাকে প্রশ্ন করা হবে এ সমস্ত নেয়ামতের ব্যবহার কিভাবে করেছিল। সে বলবে মানুষকে জ্ঞান দান করার কাজ করেছিলাম এবং আপনার জন্য কুরআন তেলাওয়াত করতাম। আল্লাহ তা'য়লা বলবেন তুমি মিথ্যা বলেছো তুমি দ্বীনের জ্ঞান অর্জন এজন্য করেছিলে যে লোকেরা তোমাকে বিখ্যাত 'আলেম ও স্কলার' বলবে। কোরআন তেলাওয়াত করতে এজন্য যে, লোকেরা তোমাকে "ফারী" বলবে। তুমি এগুলো দুনিয়াতে পেয়ে গেছো। তার ব্যাপারে ফায়সালা জানিয়ে দেয়া হবে। তাকে উপর করে টেনে হিঁচড়ে জাহান্নামে নিক্ষেপ করা হবে।

### এবারে এক দানশীল ব্যক্তির পরিণতি:

তারপর অপর এক ব্যক্তিকে বিচারের কাঠগড়ায় আনা হবে, যাকে আল্লাহ তা'য়লা অটেল সম্পদ দান করেছিলেন এবং ধনী বানিয়েছিলেন। সেও বর্ণনা করবে এবং স্বীকার করবে আল্লাহর নেয়ামতরাজী সে ভোগ করেছিল। তাকে প্রশ্ন করা হবে এ সমস্ত

নেয়ামতসমূহের ব্যবহার কিভাবে করেছিলে? সে বলবে আপনি যেভাবে বলেছিলেন, সেভাবে আমার সম্পদ ব্যয় করেছি এবং প্রচুর দান-খয়রাত করেছি। আল্লাহ তায়লা বলবেন তুমি মিথ্যা বলেছো। তুমি আমার সন্তুষ্টির জন্য দান খয়রাত করোনি। এজন্য করেছিলে লোকেরা তোমাকে “মহান দানশীল” বলবে। লোকেরা তোমাকে দানশীল বলেছে। তার ব্যাপারে ফয়সালা জানিয়ে দেয়া হবে। তাকে উপুড় করে টেনে হিঁচড়ে জাহান্নামে নিক্ষেপ করা হবে।

( সহীহ মুসলিম-১৯০৫

বুক ৩৩ হাদীস- ১১৮

বুক ২০ হাদীস -৪৬৮৮)

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, আমাদের সকল কাজ হতে হবে আল্লাহর সন্তুষ্টির জন্য, লোক দেখানোর জন্য নয়, বিখ্যাত হওয়ার জন্য নয়। আল্লাহ আমাদের সঠিক পথ প্রদর্শন করুন। আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুল্হ।

.....